মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

# মাসিক বুলেটিন

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাসিক বুলেটিন সংখ্যাঃ ৪৩ বর্ষঃ চতুর্থ জুলাই ২০০৮

## চট্টগ্রাম ও ঢাকায় গাঁজা, ইয়াবাসহ ৬ জন গ্রেফতার

গত ২৮ জুন ২০০৮ তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চলের ১ টি বিশেষ টিম সিলেট-চট্টগ্রামগামী জালালাবাদ ট্রেন হইতে কুমিরা ষ্টেশনে নামার পর গোপন সংবাদের ভিত্তিতে একটি প্লাস্টিক ড্রাম ভর্তি ২২ কেজি গাঁজাসহ মোঃ জুয়েল(২২) এবং মোঃ মোরশেদ(২০) নামে ২ মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করে। এ বিষয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ১৯90 এর সংশ্লিষ্ট ধারায় চট্টগ্রাম জিআরপি থানায় মামলা দায়ের করা হয়েছে।

গত ২১ জুলাই ২০০৮ তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রোঃ উপ-অঞ্চলের একটি টিম খিলগাঁও থানাধীন রামপুরা বাংলাদেশ টেলিভিশন ভবনের সামনে অভিযান চালিয়ে ১২ টি ইয়াবা ট্যাবলেট, একটি মোবাইল সেট ও নগদ ৬,০০০ (ছয় হাজার) টাকাসহ ইয়াবা ব্যবসায়ী লিপি(৩৫) কে গ্রেফতার করে মামলা দায়ের করে।

গত ২২ জুলাই ২০০৮ তারিখে ঢাকা মট্রোঃ উপ-অঞ্চলের একটি বিশেষ টিম কোতয়ালী থানাধীন পলি ব্রেড এন্ড বিস্কুট ফ্যাক্টরী, ৫৮ নং ওসমান গণি রোড, আলু বাজার ও সুপ্রীম এজেন্সীজ, ২৯, সিদ্দিক বাজার, নর্থ সাউথ রোড এলাকায় অভিযান চালিয়ে ৩৬ টি ইয়াবা ট্যাবলেট, দুইটি মোবাইলসহ মোঃ জসিম(২৬) ও মোঃ আলমগীর (২৫) কে হাতেনাতে গ্রেফতারপূর্বক মামলা দায়ের করে।

গত ২৪ জুলাই ২০০৮ তারিখে ঢাকা মেট্রোঃ উপ-অঞ্চলের সদস্যরা কোতয়ালী থানাধীন আগসাদেক রোডস্থ ১২১/১, নম্বর বাড়ীর দোতলায় অভিযান চালিয়ে গাঁজা ব্যবসায়ী মোঃ আমজাদ হোসেন খাঁ(৩০) কে ২৪ কেজি গাঁজা, গাঁজা মাপার ৫০০ গ্রাম ওজনের ১ টি, ১০০ গ্রাম ওজনের ২ টি বাটখারা, ১ টি নিক্তিসহ হাতে নাতে গ্রেফতার করে মামলা দায়ের করে। রুজুকৃত মামলাগুলো বর্তমানে তদন্তনাধীন রয়েছে।




আইডিবি ভবনে আয়োজিত প্রশিক্ষণ কর্মসূচীতে বক্তব্য রাখছেন ডঃ শেখ আবদুর রশিদ

## ইউএনওডিসি প্রকল্প এইচ-৬০ এর প্রশিক্ষণ কর্মসূচী ও আলোচনা সভা

**United Nations Office on Drugs and Crime (UNODC)-Regional Office for South Asia (ROSA)** প্রজেক্ট **RAS/ H- 60 "Regional Precursor Control Project for South and South –West Asia"** এর অধীনে গত ২১ জুলাই, ২০০৮ তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা, গেন্ডারিয়াস্থ কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারে মাদকদ্রব্য এবং প্রিকারসর এর রাসায়নিক পরীক্ষা সংক্রান্ত বিষয়ে ঢাকায় ১(এক) দিনের একটি প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণে সিআইডি, বিসিএসআইআর, বিএসটিআই এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের ১৯ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। উক্ত প্রশিক্ষণে উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক জনাব মোঃ ইউছুফ আলী। প্রশিক্ষক হিসেবে ভারত থেকে **UNODC-ROSA** এর বিশেষজ্ঞ **Mr. S. K. Datta** দায়িত্ব পালন করেন। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদপত্র বিতরণ করা হয়। একই প্রকল্পের অধীনে গত ২১-২২ জুলাই, ২০০৮ তারিখে প্রিকারসর কেমিক্যাল নিয়ন্ত্রণ বিষয়ে আইডিবি ভবন, আগারগাঁও, উপস্থিত ছিলেন ঢাকায় আয়োজিত ২ দিনের প্রশিক্ষণ কর্মসূচিতে কাস্টমস, পুলিশ, বিডিআর, র‌্যাব, কোস্ট গার্ড এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের ২৪ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। উক্ত প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অতিরিক্ত স্বরাষ্ট্র সচিব ডঃ শেখ আবদুর রশিদ এবং সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ হুমায়ুন কবীর। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদেরকে সনদপত্র বিতরণ করা হয়। তা'ছাড়া গত ২৩ জুলাই ২০০৮ তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে অধিদপ্তরের মহাপরিচালকের সভাপতিত্বে বিভিন্ন শিল্প সেক্টরে ব্যবহৃত প্রিকারসর ক্যামিকেলস আমদানী, ব্যবহার, পাইকারী বিক্রয় ও খুচরা বিক্রয় লাইসেন্সধারীদের স্বপ্রণোদিত হয়ে মেনে চলার নিমিত্ত একটি **VCC (Voluntary Code of Conduct)** প্রণয়ণ ও বাস্তবায়নের উপর আলোচনা সভা অনুষ্ঠিত হয়। **Mr. Rajiv Walia, Project Coordinator, Project No RAS/H-60, UNODC-ROSA, New Delhi, India** উক্ত আলোচনা সভা পরিচালনা করেন এবং বাংলাদেশের প্রিকারসর আমদানীকারক, পাইকারী ও খুচরা বিক্রেতা ও ব্যবহারকারীগণ কর্তৃক প্রস্তাবিত **VCC** প্রতিপালিত হলে প্রিকারসরের অপব্যবহার হওয়ার কোন সম্ভাবনা থাকবেনা মর্মে সভায় জানানো হয়। উল্লেখ্য অধিদপ্তরের ঢাকাস্থ সকল কর্মকর্তাবৃন্দ ছাড়াও প্রিকারসর কেমিক্যাল ব্যবসায়ের সাথে সংশ্লিষ্ট ২৫ টি শিল্প ও ব্যবসা প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

## সম্পাদকের কথা

# শিশুদের মাদক পাচারের কাজ থেকে বিরত রাখা জরুরী

অবৈধ মাদক চোরাকারবারী ব্যবসায়ীগণ প্রায়শঃ কোমলমতি শিশুদেরকে মাদক কেনা-বেচার কাজে নিয়োজিত করে থাকে। আর এদের অধিকাংশই হলো সুবিধা বঞ্চিত পথশিশু। আমাদের জন্য এটি একটি বড় দুশ্চিন্তার বিষয়। এসমস্ত শিশুরা না বুঝে বা অন্যদের প্ররোচনায় মাদকের মাফিয়া চক্রের অন্ধকারাচ্ছন্ন বিভীষিকার মধ্যে পতিত হয়ে সামাজিক অবক্ষয়ের। হত দ্ররিদ্র অভিভাবকরা যখন তাদের সন্তানদের মৌলিক চাহিদা পূরণ করতে পারেননা তখন তাদেরকে আয় রোজগারের জন্য তাড়না দিয়ে থাকেন। সে সুযোগে মাদক ব্যবসায়ীরা সহজ পন্থায় অর্থ উপার্জনের লোভ দেখিয়ে কোমলমতি শিশুদের মাদক ব্যবসায় নিয়োজিত করে থাকে। তাদেরকে এপথ থেকে দূরে রাখতে হলে সর্বাগ্রে তাদের মৌলিক চাহিদা যেমনঃ শিক্ষা, অন্ন, বস্ত্র ও বাসস্থানের ব্যবস্থা করা একান্ত জরুরী। এ কাজে সমাজ হিতৈষী, ধনী ও বিত্তবান শ্রেণীর নাগরিকগণ মূল্যবান অবদান রাখতে পারেন। তাই শিশুদেরকে মাদক চক্র থেকে উদ্ধার করে সুস্থ জীবনে প্রতিষ্ঠিত করার জন্য সরকারের পাশাপাশি সমাজের সামর্থ্যবান ব্যক্তিবর্গকে এগিয়ে আসতে হবে।

# মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন রিপোর্ট

জুন/০৮ মাসে সরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহে ৩৩২ জন মাদকাসক্তের চিকিৎসা সেবা প্রদান করা হয়। জুন/০৮ মাসে নিরাময় কেন্দ্রভিত্তিক প্রদত্ত চিকিৎসা সেবার বিবরণ নিম্নরূপঃ

| কেন্দ্রের নাম | অন্তঃ বিভাগ | বহিঃ বিভাগ | মোট | নতুন | পুরাতন |
|---|---|---|---|---|---|
| কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা | ৪৬ | ২০০ | ২৪৬ | ১১৮ | ১২৮ |
| মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম | ২ | ১১ | ১৩ | ১০ | ৩ |
| মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, খুলনা | - | - | - | - | - |
| মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী | - | - | - | - | - |
| কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, যশোর | ৭ | ৩৮ | ৪৫ | ২৬ | ১৯ |
| কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, রাজশাহী | - | - | - | - | - |
| কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, কুমিল্লা | ১৮ | ১০ | ২৮ | ৮ | ২০ |
| মোট | ৭৩ | ২৫৯ | ৩৩২ | ১৬২ | ১৭০ |

# অবসর গ্রহণ

মাদকদব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রংপুর উপ-অঞ্চলের সহকারী প্রসিকিউটর জনাব এ, টি, এম তাজুল ইসলাম ৩০/০৬/০৮ তারিখে এবং বগুড়া উপ-অঞ্চলের সিপাই জনাব মোঃ মোসলেম আলী প্রাং ৩১/০৭/০৮ তারিখে প্রাক অবসর গ্রহণ প্রস্তুতিমূলক ছুটি (এলপিআর)-তে গমন করেন। উক্ত ছুটি শেষে জনাব এ, টি, এম তাজুল ইসলাম ৩০/০৬/০৯ তারিখে এবং জনাব মোঃ মোসলেম আলী প্রাং ৩১/০৭/০৯ তারিখে সরকারি চাকুরী হতে অবসর গ্রহণ করবেন।




প্রিকারসর ক্যামিকেল ব্যবসায়ীদের সাথে আলোচনা সভায় বক্তব্য রাখছেন মহাপরিচালক

## মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-অঞ্চল ও গোয়েন্দা অঞ্চলভিত্তিক জুন/০৮ মাসের মামলার পরিসংখ্যানঃ

| ক্র/নং | উপ-অঞ্চলের নাম | দায়েরকৃত মামলার সংখ্যা | আসামীর সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ঢাকা-মেট্রো উপ-অঞ্চল | ১০৪ | ১০২ |
| ২ | ঢাকা উপ-অঞ্চল | ৫৫ | ৭৯ |
| ৩ | ময়মনসিংহ উপ-অঞ্চল | ২৭ | ২৬ |
| ৪ | ফরিদপুর উপ-অঞ্চল | ১৬ | ১৮ |
| ৫ | টাংগাইল উপ-অঞ্চল | ৭ | ৭ |
| ৬ | জামালপুর উপ-অঞ্চল | ৮ | ৮ |
| ৭ | চট্টগ্রাম-মেট্রো উপ-অঞ্চল | ৪১ | ৪৭ |
| ৮ | চট্টগ্রাম উপ-অঞ্চল | ১৮ | ১৪ |
| ৯ | সিলেট উপ-অঞ্চল | ৩৩ | ২৯ |
| ১০ | নোয়াখালী উপ-অঞ্চল | ১৪ | ১৮ |
| ১১ | কুমিল্লা উপ-অঞ্চল | ২৩ | ২৬ |
| ১২ | কক্সবাজার উপ-অঞ্চল | ৭ | ৫ |
| ১৩ | রাঙ্গামাটি উপ-অঞ্চল | ৩ | ৫ |
| ১৪ | খাগড়াছড়ি উপ-অঞ্চল | ২ | - |
| ১৫ | বান্দরবান উপ-অঞ্চল | - | - |
| ১৬ | খুলনা উপ-অঞ্চল | ২৫ | ৩৫ |
| ১৭ | যশোর উপ-অঞ্চল | ৩১ | ৩৭ |
| ১৮ | কুষ্টিয়া উপ-অঞ্চল | ১১ | ১৩ |
| ১৯ | বরিশাল উপ-অঞ্চল | ৫ | ৬ |
| ২০ | পটুয়াখালী উপ-অঞ্চল | ২ | ২ |
| ২১ | রাজশাহী উপ-অঞ্চল | ৫৮ | ৫১ |
| ২২ | পাবনা উপ-অঞ্চল | ১৮ | ২২ |
| ২৩ | বগুড়া উপ-অঞ্চল | ১৭ | ২২ |
| ২৪ | রংপুর উপ-অঞ্চল | ৩২ | ৩৭ |
| ২৫ | দিনাজপুর উপ-অঞ্চল | ২১ | ২৭ |
| ২৬ | ঢাকা গোয়েন্দা অঞ্চল | ১৩ | ১৫ |
| ২৭ | রাজশাহী গোয়েন্দা অঞ্চল | ৮ | ৫ |
| ২৮ | চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চল | ৯ | ১২ |
| ২৯ | খুলনা গোয়েন্দা অঞ্চল | ৫ | ৫ |
| | সর্বমোটঃ | ৬১৩ | ৬৭৩ |

# অধিদপ্তরের রুজুকৃত মামলার আলামত সংক্রান্ত পরিসংখ্যান

অধিদপ্তরের জুন/০৮ মাসের আলামতভিত্তিক মামলা, আসামী ও উদ্ধারকৃত মাদকদ্রব্যের বিবরণ নিম্নে তুলে ধরা হলোঃ

| মাদকদ্রব্যের নাম | মামলার সংখ্যা | আসামীর সংখ্যা | মাদকদ্রব্যের পরিমাণ |
|---|---|---|---|
| হেরোইন | ৮৮ | ১১৫ | ০.০৮৯৭ কেজি |
| গাঁজা | ২৪২ | ২৬৬ | ২৫০.২৩৪ কেজি |
| গাঁজা গাছ | ১ | ১ | ৬৭ টি |
| অবৈধ চোলাই মদ | ১২৭ | ১২৩ | ১২২৩.১ লিটার |
| দেশী মদ | ৩ | ৩ | ৮.২ লিটার |
| বিদেশী মদ | ১২ | ৮ | ৪০৯ বোতল |
| বিয়ার | | | ১০৪ ক্যান |
| | | | ২ বোতল |
| রেক্টিফাইড স্পিরিট | ৫ | ৫ | ৩৫১.৮ লিটার |
| ডিনেচার্ড স্পিরিট | ৩ | ৩ | ৯৭ লিটার |
| ফেন্সিডিল | ৮৮ | ১০৬ | ২৮২৯ বোতল |
| ফেন্সিডিল | | | ১ লিটার |
| তাড়ী (টোডি) | ১৬ | ১২ | ৯৫২ লিটার |
| টি.ডি জেসিক ইঞ্জেকশন | ৬ | ৬ | ৩২ এ্যাম্পুল |
| জাওয়া | ৩ | ৪ | ১০৫৮৫ লিটার |
| বাখার | | | ৮০০ কেজি |
| বনোজেসিক ইঞ্জেকশন | ১৭ | ১৯ | ১০১২ এ্যাম্পুল |
| ইয়াবা ট্যাবলেট | ১ | ১ | ১২ টি |
| ঘুমের ট্যাবলেট | | | ১০০ টি |
| রিকোডেক্স/কডোকপ সিরাপ | ১ | ১ | ২৭ বোতল |
| নগদ অর্থ | | | ৩৭১৭৭৩ টাকা |
| সি. এন. জি | | | ২ টি |
| মোবাইল সেট | | | ২১ টি |
| মোট | ৬১৩ | ৬৭৩ | |

# প্রিকারসর কেমিক্যাল আমদানি

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে ব্যবহৃত প্রিকারসর কেমিক্যালস এর আমদানীর বিষয়ে অনুমোদন দিয়ে থাকে। বর্তমান অর্থবছরের শুরু থেকে জুন/০৮ পর্যন্ত বিভিন্ন প্রিকারসর এর অনুমোদিত বার্ষিক কোটা ও আমদানীর পরিমাণ নিম্নরূপঃ

| প্রিকারসর কেমিক্যালের নাম | আমদানির বার্ষিক কোটার পরিমাণ | জুলাই/০৭ হতে জুন/০৮ পর্যন্ত আমদানীর পরিমাণ | জুন/০৮ মাসে আমদানীর পরিমাণ |
|---|---|---|---|
| টলুইন | ৮,৯২৫.৭৯৯ মেঃ টন | ১৯৬৫.৫৩৩ মেঃ টন | ১৮১.৫৮৬ মেঃ টন |
| এসিটিক এনহাইড্রাইড | ১,২৫৬.৯৩৫ মেঃ টন | ৬৩৩.২০ মেঃ টন | ৩৬ মেঃ টন |
| এসিটোন | ৪,৪১৬.২৩১ মেঃ টন | ৮৭৭.১২ মেঃ টন | ১২৬.৪০ মেঃ টন |
| মিথাইল ইথাইল কিটোন | ৩,০০১.৪১৭ মেঃ টন | ৪৯২.৫১ মেঃ টন | ৩৩.১৬৫ মেঃ টন |
| পটাশিয়াম পারম্যাংগানেট | ১,৭৫৭ মেঃ টন | ১১৮.৪০ মেঃ টন | - |

এ অধিদপ্তরের অনুমোদন ছাড়া যারা প্রিকারসর কেমিক্যাল এর ব্যবসা পরিচালনা করছে তাদের সম্পর্কে পরিচালক (অপারেশনস) এর নিকট সংবাদ প্রদানের জন্য সর্বসাধারণকে অনুরোধ করা যাচ্ছে। যোগাযোগের জন্য টেলিফোন নং-৮৩১২২৪৯।

# ঢাকায় ইয়াবাসহ ৪ জন গ্রেফতার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা গোয়েন্দা অঞ্চল গত ১০ জুলাই ২০০৮ তারিখ রাতে মোহাম্মদপুর থানাধীন কাটাসুর ও জাফরাবাদ এলাকায় অভিযান চালিয়ে ৩৬১/এ, জাফরাবাদ থেকে মোঃ দুলাল আহম্মেদ(৩৬), কাজী আনিছুল হক (তুহিন)(৪০) এবং মোঃ শাহীন আহম্মদ(৩৯) কে ১১০ টি ইয়াবা, নগদ ২৩,০০০ টাকা ও ৩ টি মোবাইল ফোনসহ হাতে নাতে গ্রেফতার করে। অপর একটি অভিযান পরিচালনা করে কাটাসুর পুলপাড় মধুমিতা বিস্কুট ফ্যাক্টরীর গলি থেকে মোঃ মাহবুবুর রহমান মাহাবুব(৩৫) কে ১০ টি ইয়াবা ট্যাবলেট ও ১ টি মোবাইল ফোনসহ হাতেনাতে গ্রেফতার করে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে তাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

# মাদক অপরাধের মামলা নিষ্পত্তি

উপ-অঞ্চলভিত্তিক জুন/০৮ মাসে মাদক অপরাধ দমন সংক্রান্ত নিষ্পত্তিকৃত মামলার বিবরণ নিম্নে উপস্থাপন করা হল।

| ক্রঃ নং | উপ-অঞ্চলের নাম | সাজপ্রাপ্ত মামলার সংখ্যা | সাজাপ্রাপ্ত আসামীর সংখ্যা | জুন/০৮ পর্যন্ত অনিষ্পত্তিকৃত মামলা |
|---|---|---|---|---|
| ১ | ঢাকা-মেট্রো উপ-অঞ্চল | ৫১ | ৫৬ | ৩৬৮২ |
| ২ | ঢাকা উপ-অঞ্চল | ১ | ১ | ২৮৯২ |
| ৩ | ময়মনসিংহ উপ-অঞ্চল | ২ | ২ | ১৮৭৯ |
| ৪ | ফরিদপুর উপ-অঞ্চল | ১২ | ১২ | ৫৫২ |
| ৫ | টাংগাইল উপ-অঞ্চল | ২ | ২ | ৪৯৮ |
| ৬ | জামালপুর উপ-অঞ্চল | ২ | ২ | ৩৯৭ |
| ৭ | ঢাকা গোয়েন্দা অঞ্চল | - | - | - |
| ৮ | চট্রগ্রাম মেট্রো উপ-অঞ্চল | ২ | ২ | ২৩১০ |
| ৯ | চট্রগ্রাম উপ-অঞ্চল | ৩ | ৩ | ৬০৬ |
| ১০ | নোয়াখালী উপ-অঞ্চল | ৩ | ৩ | ৬৯৮ |
| ১১ | কুমিল্লা উপ-অঞ্চল | ২ | ২ | ১৬৪২ |
| ১২ | কক্সবাজার উপ-অঞ্চল | - | - | ৫০৪ |
| ১৩ | রাঙ্গামাটি উপ-অঞ্চল | - | - | ১৯০ |
| ১৪ | খাগড়াছড়ি উপ-অঞ্চল | - | - | ১৬ |
| ১৫ | বান্দরবান উপ-অঞ্চল | - | - | ৭৫ |
| ১৬ | চট্রগ্রাম গোয়েন্দা অঞ্চল | ৪ | ৪ | ৪৭০ |
| ১৭ | সিলেট উপ-অঞ্চল | ১ | ১ | ২৩০০ |
| ১৮ | খুলনা উপ-অঞ্চল | ৫ | ৫ | ৯৬৪ |
| ১৯ | যশোর উপ-অঞ্চল | ৫ | ৫ | ১০৮৯ |
| ২০ | কুষ্টিয়া উপ-অঞ্চল | ১ | ১ | ৪২০ |
| ২১ | খুলনা গোয়েন্দা অঞ্চল | - | - | ১৩১ |
| ২২ | বরিশাল উপ-অঞ্চল | ১ | ১ | ২৭৪ |
| ২৩ | পটুয়াখালী উপ-অঞ্চল | - | - | ১০৬ |
| ২৪ | রাজশাহী উপ-অঞ্চল | ৫ | ৫ | ৩৯০৫ |
| ২৫ | পাবনা উপ-অঞ্চল | ১ | ১ | ১২১৩ |
| ২৬ | বগুড়া উপ-অঞ্চল | ৪ | ৪ | ১১৬২ |
| ২৭ | রংপুর উপ-অঞ্চল | ১ | ১ | ১৯৬৯ |
| ২৮ | দিনাজপুর উপ-অঞ্চল | ৩ | ৩ | ১৫০৭ |
| ২৯ | রাজশাহী গোয়েন্দা অঞ্চল | ১ | ২ | ৩২৭ |
| | সর্বমোটঃ | ১১২ | ১১৮ | ৩১৭৭৮ |



কুমিল্লায় ২৬ জুন উপলক্ষে বক্তব্য রাখছেন জনাব হাসান মাহমুদ খন্দকার, বিপিএম, এনডিসি ।

# পরিবার থেকে মাদক বিরোধী আন্দোলন শুরু করতে হবেঃ

-র‌্যাবের মহাপরিচালক

র‌্যাবের মহাপরিচালক হাসান মাহমুদ খন্দকার বিপিএম, এনডিসি বলেছেন, আমাদের পরিবার থেকে মাদক বিরোধী আন্দোলন শুরু করতে হবে। পরিবার থেকেই সুশাসন, দেশপ্রেম সামাজিক সচেতনতা সৃষ্টি করতে হবে। এ ধারা বেগবান করতে মাদকের করাল গ্রাস থেকে আমাদের যুব সমাজকে রক্ষা করতে হবে। তিনি গত ২৬ জুন ২০০৮ তারিখে কুমিল্লায় মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও জেলা প্রশাসনের যৌথ উদ্যোগে জেলা পরিষদ মিলনায়তনে আয়োজিত সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। উক্ত সভায় সভাপতিত্ব করেন কুমিল্লার জেলা প্রশাসক জনাব মোঃ মনজুরুর রহমান।

# রচনা প্রতিযোগিতার ফলাফল

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০০৮ উপলক্ষে প্রতি বছরের ন্যায় এবারও অধিদপ্তর কর্তৃক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের ছাত্র-ছাত্রী "ক" গ্রুপের জন্য রচনার শিরোণাম "মাদকমুক্ত জাতি গঠনে পরিবারের ভূমিকা" এবং স্নাতক ও তদূর্ধ্ব পর্যায়ের ছাত্র-ছাত্রী "খ" গ্রুপ এর জন্য রচনার শিরোণাম "মাদক প্রতিরোধে যুব সমাজের ভূমিকা" ছিল। "ক" গ্রুপে প্রথম স্থান অধিকার করেন এ, কে, এম, সোহেল রানা, ভিক্টোরিয়া উচ্চ বিদ্যালয়, শ্রীমঙ্গল, মৌলভীবাজার, দ্বিতীয় স্থান অধিকার করেন, আব্দুল্লাহ আল মামুন, ভোলা সরকারী উচ্চ বিদ্যালয়, ভোলা এবং তৃতীয় স্থান অধিকার করেন মোঃ রাশেদুল ইসলাম, শাঁখারী গাতী এম, এল, উচ্চ বিদ্যালয়, যশোর। "খ" গ্রুপে প্রথম স্থান অধিকার করেন মোঃ কামাল হোসেন ভিক্টোরিয়া সরকারী কলেজ, কুমিল্লা, দ্বিতীয় স্থান অধিকার করেন, প্রিয়াংকা দাস, এন,আই,টি দূর্গাপুর, পশ্চিমবঙ্গ, ভারত এবং তৃতীয় স্থান অধিকার করেন ফারজানা হক বৃষ্টি, দারুল এহসান বিশ্ববিদ্যালয়, ঢাকা।

# নিরোধ শিক্ষামূলক কার্যক্রম ও মাদকবিরোধী প্রচারাভিযান

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার রোধ করার জন্য দেশে প্রচলিত আইনের যথাযথ প্রয়োগের পাশাপাশি প্রয়োজন এ বিষয়ে ব্যাপক গণসচেতনতামূলক কার্যক্রম। এ লক্ষ্যকে সামনে রেখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মাঠ পর্যায়ে ব্যাপক গণসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করে থাকে। জুন/০৮ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক সম্পাদিত নিরোধ শিক্ষামূলক কার্যক্রমের একটি বিবরণী নিম্নে তুলে ধরা হলো।

| ক্র/নং | কর্মসূচীর নাম | সংখ্যা ২০০৮ সাল | |
|---|---|---|---|
| | | জুন | জানুঃ-জুন |
| ১। | মাইকিং কর্মসূচী- | ৩৪ টি | ১০২ টি |
| ২। | ধর্মীয় প্রতিষ্ঠান ভিত্তিক সভা | - | ৯ টি |
| ৩। | মাদকবিরোধী আলোচনা সভা- | ৫২৫ টি | ২৬৫১ টি |
| ৪। | অভিযানকালে গণসচেতনতা কার্যক্রম- | - | ৬৪৬ টি |
| ৫। | শ্রেণী বক্তৃতা | - | ৬৯ টি |
| ৬। | বুলেটিন বিতরণ- | ৪০০ | ২৪০০ টি |
| ৭। | প্রশিক্ষণ কর্মসূচী- | - | ১৩ টি |
| ৮। | লিফলেট বিতরণ | ৪৫০০০ টি | ৯৪২২০ টি |
| ৯। | স্টিকার বিতরণ | ২১০০০ টি | ২১৩৬০ টি |
| ১০। | পোস্টার বিতরণ | ২০০০ টি | ২২০০ টি |
| ১১। | অন্যান্য কর্মসূচী | ৫ টি | ২০ টি |

# রাজস্ব আদায়

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০০৬-২০০৭ এবং ২০০৭-২০০৮ অর্থবছরের রাজস্ব আদায়ের তুলনামূলক বিবরণী নিম্নরূপঃ

| ক্র/নং | অঞ্চলের নাম | ২০০৬-২০০৭ | ২০০৭-২০০৮ |
|---|---|---|---|
| ১। | ঢাকা অঞ্চল | ৫,৭৭,০২,২৮৬ | ৭,৪৭,৭৬,৫২৫.০০ |
| ২। | চট্টগ্রাম অঞ্চল | ৮,৩৮,৪৮,৬৪০ | ৯,৪৩,২২,৬৩২.০০ |
| ৩। | খুলনা অঞ্চল | ২২,৯০,৮২,২৩০ | ২৫,৮৮,৫৬,৩১৪.৬০ |
| ৪। | রাজশাহী অঞ্চল | ৫,৯৪,১২,০৮৩ | ৭,৮৮,৮৫,৮৬৭.৮০ |
| | মোট | ৪৩,০০,৪৫,২৩৯ | ৫০,৬৮,৪১,৩৩৯.৪০ |

# রাসায়নিক পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ, বিডিআর, কাস্টমস, র‌্যাব ও কোস্টগার্ডসহ সকল আইন প্রয়োগকারী সংস্থার দায়েরকৃত মাদক অপরাধ সংক্রান্ত মামলার আলামত এবং শিল্পে ব্যবহৃত বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রিকারসর ক্যামিকেলস এর রাসায়নিক পরীক্ষা কার্য সম্পন্ন করা হয়। জুন/০৮ মাসের রাসায়নিক পরীক্ষার হিসেব নিম্নরূপঃ

| নমুনা প্রেরণকারী সংস্থা | মামলা সংখ্যা | রাসায়নিক পরীক্ষা সম্পন্ন ও রিপোর্ট সরবরাহ | | | পেন্ডিং/স্থগিত |
|---|---|---|---|---|---|
| | | পজিটিভ | নিগেটিভ | মোট | |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ৬৪০ | ৬৩৮ | ২ | ৬৪০ | - |
| পুলিশ | ১১৬৮ | ১১৬৫ | ২ | ১১৬৭ | ১ |
| বিডিআর | ৩ | ২ | ১ | ৩ | - |
| র‌্যাব | ২ | ১ | ১ | ২ | - |
| সর্বমোট | ১৮১৩ | ১৮০৬ | ৬ | ১৮১২ | ১ |

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, ওয়েজ আর্নার্স হোস্টেল ভবন (লেভেল-৮), ৭১-৭২,পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত। টেলিযোগাযোগ ঃ ৯৩৫৫৮৯৩, ৯৩৫৫৮৯৪, ৮৩১২২৪৯।